সংগ্রহ-

কলোরব শিল্প গোষ্ঠী - সাইমুম শিল্প গোষ্ঠী -
জাগরণ শিল্প গোষ্ঠী - আহবান শিল্প গোষ্ঠী -
আবাবিল শিল্প গোষ্ঠী - সালসাবিল শিল্প গোষ্ঠী -
দাবানল শিল্প গোষ্ঠী-

সহযোগীতায়ঃ-

মুজাহিদুল ইসলাম- খাইরুল ইসলাম-
মাহদী হাসান- গোলাম রাব্বি-
জাকির হুসাইন-

প্রাপ্তিস্থানঃ

জামি'আতুল ঈমান (মাদরাসা)
আন্দারমানিক, শফিপুর,
কালিয়াকৈর, গাজীপুর।
ও
আল-মাদিনা লাইব্রেরী এন্ড কম্পিউটারস্
আলমপুর স্কুল রোড, আলমপুর,
শ্রীনগর,মুন্সিগঞ্জ।
মোবাইলঃ ০১৯১৮-২০০ ৮৪৪

সুস্থ সংস্কৃতি বিকাশই আমাদের একমাত্র উদ্দেশ্য।

# আধুনিক

## প্রথম খন্ড

সংকলকঃ
**আবু আব্দুল্লাহ শফীক ইবনে আনছার বিক্রমপুরী**

প্রকাশনায়ঃ
আল-আনসার কম্পিউটার এন্ড প্রিন্ট গ্যালারী
আলমপুর, শ্রীনগর, মুন্সিগঞ্জ।
মোবাইল ঃ **01924-57 04 08 / 01881-04 49 70**

তুমি সবখানেই..... বিরাজমান-২
আমি ক্ষুদ্র তাই, বুঝিতে পারি না,
ও-গো মহা মহিয়ান........
তুমি সবখানেই..... বিরাজমান-২

পাহাড়-সাগরে, নদীর কল্লোলে,
ঝর্ণার নূপুরে, বাতাসের হিল্লোলে-২
কোকিল পাপিয়া বিহগের কণ্ঠে,
শুনি তোমার গুণগান।
তুমি সবখানেই..... বিরাজমান-২
আমি ক্ষুদ্র তাই, বুঝিতে পারি না,
ও-গো মহা মহিয়ান........
তুমি সবখানেই..... বিরাজমান-২
সমাপ্ত

হাম্‌দ-২০
শুকরিয়া জানাই আল্লাহ, শুকরিয়া জানাই তোমায়,
অসহায় বান্দা মোরা বেঁচে আছি তোমার দয়ায়-২
দু'চোখ ভরে স্বপ্ন দিলে, বেঁচে থাকার আশা দিলে,
ফুলে ফলে সাজিয়ে দিলে-২
স্নিগ্ধ-শ্যামল সুষমায়।
শুকরিয়া জানাই...........
শুকরিয়া জানাই আল্লাহ, শুকরিয়া জানাই তোমায়,
অসহায় বান্দা মোরা বেঁচে আছি তোমার দয়ায়-২

জীবন ধারণ করার তরে, রিজিক দিলে দুনিয়া ভরে-২
পাহাড় চিরে ঝর্ণা ঝড়ে-২
তোমার নিপুণ ইশারায়।
শুকরিয়া জানাই...........
শুকরিয়া জানাই আল্লাহ, শুকরিয়া জানাই তোমায়,
অসহায় বান্দা মোরা বেঁচে আছি তোমার দয়ায়-২



# আধুনিক
# ইসলামী সংগীত সমাহার

সংকলক:
আবু আব্দুল্লাহ্ শফীক ইবনে আনছার বিক্রমপুরী

সম্পাদনায়:

মুফতি আনোয়ার হুসাইন সাহেব -
মুফতি মাসউদুর রহমান সাহেব -
মুফতি দ্বীন ইসলাম সাহেব -
মাওলানা শিহাবুদ্দীন সাহেব -
হাফেজ কাউসার খন্দকার-
জনাব আব্দুর রাহমান সাহেব -
জনাব আলমগীর হুসাইন সাহেব -

শিক্ষক বৃন্দ-
জামি'আতুল ঈমান
আন্দারমানিক, শফীপুর, গাজীপুর।

উৎসাহ ও পরামর্শে ঃ
মাওলানা : আশেকুল্লাহ বাগেরহাটী

প্রকাশকাল: মার্চ-২০১৬ ইং

বি ঃ দ্র ঃ স্বল্প সময়ের এই সংকলনের মাঝে অনেক ভূল-ত্রুটি হওয়ার সম্ভবনা রয়েছে। তাই কোন ভূল পরিলক্ষিত হলে, প্রদত্ত নাম্বারে জানানোর অনুরোধ রইল।
মোবাইল: ০১৯২৪- ৫৭০ ৪০৮
হাদিয়া: পঞ্চাশ টাকা মাত্র।

## সূচীপত্র

১. দৃষ্টি মোদের যায় যত দূর..........................................................৪
২. দুনিয়া সুন্দর,মানুষ সুন্দর,আসমান সুন্দর,..................................................৪
৩. এই সুন্দর সুনীল আকাশ,নির্মল চাঁদের আলো............................................৫
৪. এই হৃদয়ের তারে তারে, তার কথা বারে বারে............................................৬
৫. এই ভূবনে কে আর আছে রে আপন.........................................................৬
৬. আযানের ধ্বনি যদি বাজে অন্তরে..............................................................৭
৭. একটি মুনাজাত করি গো,প্রভূ ...................................................................৮
৮. আল্লাহ তুমি দয়ার সাগর, রাহমানুর রাহীম.................................................৮
৯. রোজ বিহানে একটি পাখি আল্লাহ আল্লাহ ডাকে............................................৯
১০. প্রশংসা সবি কেবল তোমারই.................................................................৯
১১. তোর নিয়ামতের শুকরিয়া কেমনে আদায় করি...........................................১০
১২. আমার জীবন আমার মরণ আমার জিন্দেগী...............................................১১
১৩. আল্লাহ তুমি অপরূপ না জানি কত সুন্দর...................................................১১
১৪. খুব সকালে .......................................................................................১২
১৫. তোমার সুনীল আকাশ হতে একটু আলো দাও...........................................১২
১৬. সত্য ন্যায়ের সেনানী আমরা বাংলার বীর মুসলমান.....................................১৩
১৭. কে গড়েছেন আকাশ-মাটি অবাক প্রকৃতি...................................................১৪
১৮. আল্লাহ তোমার গান যে আমি গাইবো সারাক্ষণ...........................................১৫
১৯. আমি ক্ষুদ্র তাই, বুঝিতে পারি না...........................................................১৫
২০. শুকরিয়া জানাই আল্লাহ, শুকরিয়া জানাই তোমায়........................................১৬
২১. আল্লাহ ওগো আল্লাহ, ক্ষমা করে দাও, মাফ করে দাও.................................১৭
২২. তোমার নামে গান গাহিয়া যায় মাঝি পাল উড়াইয়া......................................১৮
২৩. গাছে গাছে তোমার নামে পাখির কলরব...................................................১৮
২৪. এই আসমান তুমি সৃজিলে, এই যমীন তুমি সৃজিলে.......................................১৯
২৫. আকাশের তারা গুলো যদি নিভে যায়.......................................................২০
২৬. আকাশ ও সুন্দর নদী ও সুন্দর, সুন্দর .....................................................২০
২৭. আকাশের রংধনু সাত রঙ সাজে..............................................................২১
২৮. আল্লাহ তোমার এই ধরার মাঝে..............................................................২২
২৯. আল্লাহ তুমি সর্বগুণী চির মহিয়ান...........................................................২৩
৩০. ডান নেড়ে হাওয়ায় উড়ে প্রজাপতি গায় কার গান.......................................২৩
৩১. ফুলের গন্ধে মন ভরে যায়, পাখি ডাকে কুহু.......................................... ২৪
৩২. জ্যোৎস্না রাতের নিবিড় ছোঁয়ায় তোমার কথাই ভাবি....................................২৫
৩৩. নদীরও তরঙ্গ মাঝে মাঝে থেমে যায়.......................................................২৫
৩৪. তোমার নামে গান গাহিলে, কণ্ঠে আসে সুর-...............................................২৬



কে দিয়াছেন জীবন বিধান কুরআনুল কারীম
রাব্বুল আলামীন আমাদের ......ঐ
কে গড়েছেন আকাশ-মাটি অবাক প্রকৃতি
কে দিয়েছেন ঘুমন্ত রাত মিষ্টি প্রভাতী
বিশ্ব নিখিল কোন মহানের ক্ষমতার অধীন- ২ বার
ঐ
সমাপ্ত

### হাম্‌দ-১৮

আল্লাহ তোমার গান যে আমি গাইবো সারাক্ষণ
যতদিন এই মাটির দেহে থাকবে আমার প্রাণ-২
প্রভাতের মৃদু হাওয়ায়, গাছের পাতা দোল খেয়ে গায়-২
গায় সকলে আপন সুরে তোমার নামের গান

আল্লাহ তোমার গান যে আমি গাইবো সারাক্ষণ
যতদিন এই মাটির দেহে থাকবে আমার প্রাণ-২

বৃষ্টি বাদল বন্যা খরায়, গাই যে সবাই এই না ধরায়-২
গাই সকলে আপন সুরে তোমার নামের গান-২

আল্লাহ তোমার গান যে আমি গাইবো সারাক্ষণ
যতদিন এই মাটির দেহে থাকবে আমার প্রাণ-২
সমাপ্ত

### হামদ-১৯

আমি ক্ষুদ্র তাই, বুঝিতে পারি না,
ও-গো মহা মহিয়ান........
তুমি সবখানেই..... বিরাজমান-২
গ্রহ-রবি, তারকা পুঞ্জে,
সোনা ফলা মাঠে, ঘন নিকুঞ্জে-২
উষড়ও মরুর তপ্ত বালুকায়,
দেখি সদা তোমারী শান।

বালাকুঠি গাজী শুয়ে আছে হুথা আজি ইসলামাবাদে নিজামপুর
শরীয়তপুরে আজো রণে সেই জালিমের সাথে জিহাদী সুর-২বার
নিযুদ হরির উদ্যত শির ধুলায় মিটালো যে মহান বীর-২
হুতায় ঘুমায় সে কামেল পীর মুস্তানগড়ে শাহ্ সুলতান-ঐ

বাঁশের কেল্লা গড়েছি আমরা ভয় করিনিতো তোপ-কামান,
শির দিছি তবু দেইনি আমামা প্রাণ দিছি তবু দেইনি ঈমান-২
শত্রুমুক্ত করিতে ওয়াতান অকাতরে খুন করিয়াছি দান-২বার
এই শির নত করিনি কোথাও , উচ্চ রেখেছি জয় নিশান- ঐ
সমাপ্ত

হাম্‌দ-১৭
কে গড়েছেন আকাশ-মাটি অবাক প্রকৃতি
কে দিয়েছেন ঘুমন্ত রাত মিষ্টি প্রভাতী- ২বার
বিশ্ব নিখিল কোন মহানের ক্ষমতার অধীন- ২ বার
* রাব্বুল আলামীন আমাদের রাব্বুল আলামীন
রাব্বুল আলামীন তিনি যে রাব্বুল আলামীন-২ বার

কে দিয়েছেন সাগর-নদী ভরা এত জল,
কার ইশারায় অনন্তকাল পাহাড় অবিচল-২ বার
কার ইশারায় ফুল-কলিরা সুরভী ছড়ায়,
মিষ্টি সুরে বুলবুলিরা কার মহিমা গায়
কে দিয়েছেন মায়ের কুলে শান্তি সীমাহীন-২
রাব্বুল আলামীন আমাদের ....ঐ
কে গড়েছেন আকাশ-মাটি অবাক প্রকৃতি
কে দিয়েছেন ঘুমন্ত রাত মিষ্টি প্রভাতী
বিশ্ব নিখিল কোন মহানের ক্ষমতার অধীন- ২ বার

কে দিয়েছেন মুখের ভাষা কণ্ঠ ভরা সুর
জ্ঞানের আলোয় কে করেছেন, অজ্ঞতা বিদূর- ২ বার
কে পাঠালেন পথ দেখাতে, নাবীয়ে রাহমাত
কার করুণায় আমরা পেলাম, ঈমানী দৌলাত



সূচীপত্র


৩৫. হৃদয় জুড়ে তোমারী প্রেম দাও প্রভূ আমারে.........................................২৭
৩৬. এক নিয়মে জ্বলছে সুরুজ এক নিয়মে চলছে ধরা.................................২৭
৩৭. তোমার নামে তোমার গানে পিক পাপিয়া সুর তুলে................................২৮
৩৮. আল্লাহ তুমি দয়ার সাগর, রাহমানুর রহীম...........................................২৮
৩৯. ىرصبءادرقبيصق ......................................... ২৯
৪০. বিদায় বেলায়, বিদায় বেলায় মোরে দিও গো দেখা................................২৯
৪১. আকাশ হতে চাঁদ নেমেছে, মা আমিনার কোলে.....................................৩০
৪২. এই পৃথিবী সৃষ্টি তোমার নামের উসিলায়-...........................................৩০
৪৩. চল কাবার পানে ওহে মুহাজির ........................................................৩১
৪৪. ডেকে লও রাসূলুল্লাহ্ রওজা পাকের কিনারে........................................৩১
৪৫. মরুর বুকে আধার চিরে ফুটলো গোলাপ ফুল........................................৩২
৪৬. ও মদীনার বুলবুলি, তোমার নামে ফুলতুলি-.........................................৩৩
৪৭. সালাম সালাম নবী সালাম সালাম........................ ...........................৩৪
৪৮. শিশু রাসূল মেষ চড়াতেন মরুবনে গিয়ে..............................................৩৪
৪৯. আল-কুরানের ডাক এসেছে, চলে আয় সকলে মিলে...............................৩৫
৫০. মিছে এই জীবনের রংধনুটা ..............................................................৩৬
৫১. যেতে হবে খালি হাতে, সঙ্গে কিছু যা-বেনা............................................৩৬
৫২. আমরা নবীন আমরা তরুন আমরা নৌ-জোয়ান......................................৩৭
৫৩. এ দেশে আল্লাহু আকবারের সুরে সূর্য্য উঠে..........................................৩৮
৫৪. আর নয় হতাশা আর নয় ভয়, আগামীতে .............................................৩৯
৫৫. "আশায় আশায় জনম গেল খোদা.........................................................৪০
৫৬. সত্যের পক্ষে গান গাই বলে আমি বিদ্রোহী......................................... ৪০
৫৭. দাও খোদা দাও আমায় আবার ওমর দারাজ দীল...................................৪২
৫৮. ইসলাম হলো চিরদিনের শান্তি সুখের নিশানা........................................৪২
৫৯. আল-কুরানের পথ এই পথই আসল পথ...............................................৪৩
৬০. ইট পাথরের বদ্ধ এই নগরে................................................................৪৪
৬১. কুরান শাসনের জন্য তার বিধান মেনে হও ধন্য.....................................৪৪
৬২. ভাল কাজের ভালো ফল, মন্দ কাজের মন্দ...........................................৪৫
৬৩. সমাধান চাও যদি জীবনে মরণে.........................................................৪৬
৬৪. সৃষ্টি যত সবার মাঝে সুখের হাওয়া বয়ে যাক......................................৪৬
৬৫. তোমরা থাকে খুব আরামে, যে দালানের পাঁচ তলায়................................৪৭
৬৬ . আজ নয় কাল আসবে রে সেই দিন......................................................৪৮

হাম্‌দ-১
দৃষ্টি মোদের যায় যত দূর......
দৃষ্টি মোদের যায় যত দূর সৃষ্টি তোমার ছড়ানো,
সৃষ্টি যত অবিরত তোমার মায়ায় জড়ানো। (২বার)
দৃষ্টি মোদের যায় যত দূর.............

না চাহিতে দাও গো তুমি বাঁচার অধিকার,
ইচ্ছে হলে আবার তুমি নিতে পারো প্রাণ সবার-৩
তোমার হাতে সব জীবন, তোমার হাতে যে মরণ-৩
ইচ্ছে যদি কর তুমি যায় না যে তা ফিরানো,
সৃষ্টি যত অবিরত তোমার মায়ায় জড়ানো।
দৃষ্টি মোদের যায় যত দূর.............

পিপাসাতে দাও গো পানি, রাত্রি এলে ঘুম।
সকাল হলে সূর্য্যিমামা দেয় যে এঁকে চুম-৩
সব খানে আছো তুমি, আসমানে বা বন ভূমি-৩
রাতের আকাশ নিপুণ হাতে মধূর সাজে সাজানো।
সৃষ্টি যত অবিরত তোমার মায়ায় জড়ানো-ঐ
দৃষ্টি মোদের যায় যত দূর.............

কলকল সূর ধরিয়া নদী গাহে গান,
জোয়ার ভাটা ক্ষণে ক্ষণে এইতো তোমার দান-৩
বাদশাকে ফকির বানাও, ফকিরকে আমীর বানাও-৩
মান অপমান কান্না হাসি তোমার হাতে লুকানো।
সৃষ্টি যত অবিরত তোমার মায়ায় জড়ানো-ঐ
দৃষ্টি মোদের যায় যত দূর.............
সমাপ্ত

হাম্‌দ-২
দুনিয়া সুন্দর,মানুষ সুন্দর,আসমান সুন্দর,জমীন সুন্দর,
সুন্দরে সুন্দরে পাল্লা,
জানিনা কত সুন্দর তুমি আল্লাহ্‌।(২বার)



ধুলিয়ে গেছে মিলিয়ে গেছে আমার সাধনা -২বার
এই হৃদয়ে কতই ছিল আশা
ছিল অঢেল স্নেহ ভালবাসা -২বার
নেইকো যাদের ঈমান তাদের -২বার
যেন ভূলে যাই আমি
তাদের স্মৃতি ভুলে যেতে চাই।

তোমার সুনীল আকাশ হতে একটু আলো দাও
আমি অন্ধকারে আলোর দেখা পাই,
তোমার ফুলের বাগান থেকে একটু হাসি দাও
আমি দু:খ ব্যথা ভূলে যেতে চাই-২বার
সমাপ্ত

হামদ-১৬
সত্য ন্যায়ের সেনানী আমরা বাংলার বীর মুসলমান
আমরা অজেয় আমরা অমর তৌহিদ সুধা করেছি পান-৩ বার
বিরাট মুলুক করেছি বিজয় মাত্র সতের ঘোর সওয়ার
জায়নামাজকে কিস্তি বানিয়ে উতাল সুরমা হয়েছি পার-২ বার

তরবারী নয় শুধু তাকবীর, করেয়াছি নত দুশমন শির-২ বার
সেই নামে আজ জালালাবাদের নারাঙ্গীবন কম্পমান-ঐ

মানিনাকো বাধা জানিনাকো ভয় হৃদে নাই কোন দ্বিধা সংশয়-২বার
মোরা দূর্বার চির দুর্জয়, মহা সত্যের গাহিযে গান।
সত্য ন্যায়ের সেনানী আমরা বাংলার বীর মুসলমান
আমরা অজেয় আমরা অমর তৌহিদ সুধা করেছি পান-২ বার

বাগের হাটের বাগের রাজ্যে গড়িয়াছি নয়া সালতানাত
ষাট গম্বুজ আজও ঘোষে সেই গৌরব গাথা দিন ও রাত-৩বার
সেবা, দয়া, প্রেম, স্নেহ, মমতায় সবার হৃদয় করিয়াছি জয়-২ বার
ঠাকুর দীঘির ঘাটে আজো গাহে কুমিরের দল খানজাহান-ঐ

হামদ-১৪

খুব সকালে ....................
খুব সকালে পাখির গলে, যার গুন গান রটে,
সাঁঝের বেলা তাঁরার মেলা তাঁর নিয়ামত বটে,
সে যে লালনকারী পালনকারী সারা ভূবনময়,
তোমার আমার বেচে থাকা যার করুণায় হয়- ঐ

দিনের পরিশ্রমে যখন ক্লান্ত পথিক তার,
রাতের ঘুমে কে এনে দেয় শান্তি অফুরান -(২বার)
কে সে কার স্বরণে যায় কেটে যায় এই হৃদয়ের ভয়
তোমার আমার বেঁচে........... ।

সকল প্রেমের মানুষ যখন কষ্টে ভরে মন,
নতুন করে বাঁচতে শিখায় প্রেম করে কুঞ্জন - (২বার)
কে সে কার আশে সে এক নিমিষে ঘুচে পরাজয়,
তোমার আমার বেঁচে থাকা যার করুণায় হয়- ঐ
সমাপ্ত

হামদ-১৫

তোমার সুনীল আকাশ হতে একটু আলো দাও
আমি অন্ধকারে আলোর দেখা পাই,
তোমার ফুলের বাগান থেকে একটু হাসি দাও
আমি দু:খ ব্যথা ভূলে যেতে চাই-২বার
তোমার সুনীল.................. ।
আমার ঘরে একটু ও নাই আলো
এই আধারে প্রদীপ তুমি জ্বালো-২বার
ব্যর্থ তবুও হইনি হতাশ -২বার
তোমার দয়া চাই যেন
অন্ধকারে আলোর ছোঁয়া পাই আমি
দু:খ ব্যাথা ..................... ।
স্বপ্ন সাধ আর সকল আরাধনা



ঝর্ণা ছুটে চলে এঁকে বেঁকে, পৃথিবীর পথে কত ছবি এঁকে। (২বার)
নদীরও কলতানে, সাগরের গর্জনে-২বার
ঢেউয়ে ঢেউয়ে দেয় পাল্লা।
জানিনা কত সুন্দর তুমি আল্লাহ।(২বার)-ঐ

বাগানে ফুটে ফুল রাশি রাশি, রাতেরী তারা ভরা চাঁদের হাসি।
গুনগুন গানে ডেকে, মৌমাছি মধূ চাকে।(২বার)
ফুলে ফুলে দেয় হল্লা।
জানিনা কত সুন্দর তুমি আল্লাহ।(২বার)-ঐ

দখিনা বাতাস গায়ে পরশ বোলে,তারি টানে পাল তুলে নৌকা চলে।(২বার)
তোমারী নামে মনে, ভাটিয়ালী সূরের টানে।(২বার)
দাড় টেনে যায় মাঝি মাল্লা।
জানিনা কত সুন্দর তুমি আল্লাহ।(২বার)-ঐ
সমাপ্ত

হামদ-৩

এই সুন্দর সুনীল আকাশ,নির্মল চাঁদের আলো,
ওগো রহমান এ তোমারই দান। (২বার)

এই ফুট ফুটে সোনালী প্রভাত,
ঝিরঝিরে হিমেল হাওয়া।(২বার)
ওগো রহমান এ তোমারী দান -ঐ

পাখিদের কল্লোল ফুলে বাগানে,
তোমারী তারিফ তারা করে গানে গানে।
সেই ভাষা দাও আমায় দাও সেই জ্ঞান।
ওগো রহমান এ তোমারী দান -ঐ

ঈমানের ধনে ধনী হয়েছে যারা,
তোমার করুণা শুধু পেয়েছে তারা।
সেই ধনে ধনী হতে চাই সেই ঈমান।
ওগো রহমান এ তোমারী দান -ঐ

এই ফুট ফুটে সোনালী প্রভাত,

ঝিরঝির হিমেল হাওয়া।
ওগো রহমান এ তোমারী দান -ঐ
সমাপ্ত

### হামদ-৪

এই হৃদয়ের তারে তারে, তার কথা বারে বারে,
বেজে উঠে এই মনে বীণ... ।

[illegible] (২বার)-ঐ-
খাই-দাই হাসি খেলি কত কথা বলে,
কত গুনাহ করি রাত দিন।
পশু পাখি জীব যত, সবি তাঁরি অনুগত,
তাঁরি নাম জপে রাত দিন।(২বার)
[illegible] (২বার)-ঐ-

সাগর-পাহাড় দেখো,দেখো ভাব কিছু শেখো,
বন-বাগানের পশু-পাখি।
শুনেছ কি অনাহারে,হাত পাতে দ্বারে দ্বারে,
জুড়াবে তাদেরে দেখে আঁখি। (২বার)-ঐ

যুগে-যুগে নবী এসে,তারি কথা বলে গেছে,
তিনি যে মহামহীম।
দিন-রাত তাঁরে স্বরি,তাঁরই কালাম পড়ি,
ক্বলবে তিনি সমাসীন।(২বার)-ঐ
সমাপ্ত

### হামদ-৫

এই ভূবনে কে আর আছে রে আপন,
কুরবান..................... ।
কুরবান করে দিব, যারে জীবন,
এই ভূবনে কে আর আছে রে আপন-(৩ বার)



### হামদ-১২

আমার জীবন আমার মরণ আমার জিন্দেগী
ইয়া এলাহি কবুল কর আমার বন্দেগী (২বার)

আমি যে প্রভূ অতি অসহায় “নিরাশ্রয় দূর্বল” (২বার)
তুমি শুধু পার দিতে “শক্তি ও সম্বল” (২বার)
তাই দয়াময় কর আমায় দ্বীনের অনুরাগী -ঐ
ইয়া এলাহি কবুল কর আমার বন্দেগী (২বার)- ঐ

তুমি কারো হাত কভূ ফিরাওনা
“যে যখন হাত তুলেছে”(২বার)
তুমি তো তাকেও ভূলনা কভূ যে তোমাকে ভূলেছে (২বার)
তাই দয়াময় দাও গো বক্ষে দ্বীনের অনূভূতি-ঐ

তুমি ছাড়া আমার জীবন “সর্বদা অচল” (২বার)
তোমার মদদ থাকলে পাশে “আমি যে সবল”(২বার)
আমায় প্রভূ কর তোমার রহমতের ভাগী-ঐ
সমাপ্ত

### হামদ-১৩

আল্লাহ তুমি অপরূপ না জানি কত সুন্দর
তোমায় আমি স্বপেছি প্রাণ স্বপেছি এ অন্তর-(২বার)
আল্লাহ তুমি অপরূপ................. ।

তোমার আলো ছড়িয়ে পরে সুন্দর এ পৃথিবীতে
চাঁদ সূরুজ জেগে উঠে তোমার ডাকে সাড়া দিতে-(২বার)
তুমি আছো বুকের গভীর গহীন ভিতর -ঐ -(২বার)

আল্লাহ তুমি অপরূপ................. ।
এই দুনিয়ার মালিক তুমি, তুমি মেহেরবান
বৃক্ষ-লতা সাগর নদী সবি তোমার দান -(২বার)
তোমার পথে চলি যেন সারাটি জীভর - ঐ
সমাপ্ত

কেবল তোমারী করি ইবাদত
কেবল তোমারী চাহি নিয়ামাত (২বার)
দাও দিশা দাও সরল পথের (২বার)
সীরাত মুস্তাকীম (২বার)- ঐ

যাদের উপরে করেছ রহমত
পেয়েছে তোমার অশেষ মুহাব্বত (২বার)
তাদের সে পথ দাও আমাদের (২বার)
দাওগো তোমার দ্বীন (২বার)

যাদের উপরে কেবলি গজব
নাযিল করেছ দিয়েছো আযাব (২বার)
তাদের এ ভাগ্য দিওনা মোদের (২বার)
হে অসীম সীমাহীন (২বার) - ঐ
সমাপ্ত

হামদ-১১
তোর নিয়ামতের শুকরিয়া কেমনে আদায় করি
তাই বারে বারে ঐ কদমে লুটিয়া পড়ি (২বার)

যায় যে দিকে এ দুটি চোখ দেখি মহীমা
তোর নিয়ামতের এ জগতে নেই যে উপমা (২বার)
তাই দমে দমে এই জবানে সেই নামই স্বরি
তাই বারে বারে ঐ কদমে লুটিয়া পড়ি (২বার)-ঐ

খাদ্যহীনে দাও গো খাবার দূঃখী জনে সুখ
রাত্রি শেষে আধার কেটে দেখাও আলোর মুখ (২বার)
তোমার দয়ায় যায় বয়ে যায় জীবন তরী
তাই বারে বারে ঐ কদমে লুটিয়া পড়ি (২বার)- ঐ
সমাপ্ত



হৃদয়ে সে হয়ে আছে সাহারা ধূ-ধূ ,
দূঃখের অমানিশায় কাঁদে শুধু-(২বার)
আল্লাহ বিনে কেউ করে না শ্রবণ-(২বার)-ঐ
রংধনূ আকাশের সূদূরে হারায়,
যারে ভালবাসি চলে যায়,
আর কারে বল হায় করবো গ্রহন-(২বার)–ঐ
ধরায় এলাম আমি যার দয়ায়,
চলে যাব ফের তাঁর ইশারায়-(২বার)
তাঁর হাতে সপেছি জীবনও মরন-(২বার)

কুরবান করে দিব, যারে জীবন,
এই ভূবনে কে আর আছে রে আপন-(২বার)
সমাপ্ত

হামদ-৬
আযানের ধ্বনি যদি বাজে অন্তরে,
বসে থাকা যায় কি গো বসে থাকা যায়-(২বার)
খোদার প্রেমে যেন, এমন হারায়।

এ ডাক প্রেমের যেন ভালবাসার,
আল্লাহর সাথে তার প্রিয় বান্দার-(২বার)
কি মধুর এই প্রেম,কি যে সুন্দর,
তাঁর ডাকে সাড়া দিতে মন ছুটে যায়।
খোদার প্রেমে যেন, এমন হারায়।- ঐ

আল্লাহর প্রেমে যেন প্রেমিক যারা,
সেই ডাকে হয়ে যায় মাতোয়ারা (৩বার)
সিজদায় সিজদায় হয় অবনত-(২বার)
উৎসব জাগে যেন মনের পাড়ায়।
খোদার প্রেমে যেন, এ মন হারায়।- ঐ
সমাপ্ত

হামদ-৭

একটি মুনাজাত করি গো,প্রভূ তোমার কাছে;
আবার একটি কাফেলা দাও,দাও গো ফিরিয়ে,
সত্য বলার সাহস দাও,
হৃদয় ভরা ঈমান দাও-(২বার)
মা’য়াজ মুওয়াজের সাহস দাও গো ফিরিয়ে,
মা’য়াজ মুয়াজের হিম্মত দাও গো ফিরিয়ে,
দাও গো ফিরিয়ে-(২বার)- ঐ

আলীর মতো সাচ্চা ঈমান দাও গো ফিরিয়ে,
বেলালী ওই আযান যেন হয় গো মিনারে,
মিথ্যে মোহের নিপাত দাও,
মনের দূয়ার খুলে দাও।-(২বার)
জান্নাতের সেই সমাজ আবার,
দাও গো ফিরিয়ে।-(২বার)- ঐ

কাবার মত পবিত্র মন দাও গো সবারে,
ফেরারি ঐ সূখটা যেন পায় গো সকলে -(২বার)
স্বপ্ন রাঙা সকাল দাও,
রোদেলা এক দুপুর দাও-(২বার)
জ্ঞানের আলোয় প্রভূ তোমায়,
চাই যে চিনিতে-(২বার)-ঐ
সমাপ্ত

হামদ-৮

আল্লাহ তুমি দয়ার সাগর, রাহমানুর রাহীম,
তোমার দয়ায় পূর্ণ আমার,সারা নিশি দিন-(২বার)
তুমি মিটাও সকল চাওয়া, দু’দিন আগে পরে।
তোমার কাছেই সকল পাওয়া, সবই তোমার তরে-(২বার)
তোমার পথে চললে সবাই-(২বার)
আসবে যে সুদিন-ঐ
তুমি পার করতে মোচন, অভাব দুঃখী লোকের।



তুমি পরম মুক্তিদাতা, মালিক এ জগতের-(২বার)
তোমার কাছে চাই যে পানাহ-(২বার)
আমরা প্রতিদিন- ঐ
সমাপ্ত

হামদ-৯

রোজ বিহানে একটি পাখি আল্লাহ আল্লাহ ডাকে,
সেই পাখিটির গানে গানে হৃদয় দুলতে থাকে-২
দিকে দিকে সে সুর তুলে সাড়া,
ঘুম ভেঙ্গে সে সুর শুনে জাগে ঘুমের পাড়া-
রঙিন আলো ছড়িয়ে পড়ে তখন শাখে শাখে-২

রোজ বিহানে একটি পাখি আল্লাহ আল্লাহ ডাকে,
সেই পাখিটির গানে গানে হৃদয় দুলতে থাকে-২বার
ফুলে ফুলে রঙিন রেণু উড়ে,
মৌমাছিরা তখন শুধু ঘুরে-২
গুণ গুণিয়ে তখন সে যে গাইতে শুধু থাকে-২
রোজ বিহানে একটি পাখি আল্লাহ আল্লাহ ডাকে,
সেই পাখিটির গানে গানে হৃদয় দুলতে থাকে-২বার

ভোরের বাতাস পাতায় পাতায় নাচে,
পাপড়ি ঝরে ঘাস ফুলেদের কাছে-২
ঘাসে ঘাসে ফুলের রেণু চতুর্দিকে মাখে- ঐ
রোজ বিহানে একটি পাখি আল্লাহ আল্লাহ ডাকে,
সেই পাখিটির গানে গানে হৃদয় দুলতে থাকে-২বার
সমাপ্ত

হামদ-১০

প্রশংসা সবি কেবল তোমারই (২বার)
রাব্বুল আলামীন,
দয়ালু মেহেরবান করুনা অফুরান
আর কেউ না--ই তুমি মালিক
শেষ বিচা-রের দি---ন (২বার)- ঐ

দুই সাথী কে পাশে নিয়ে হায়, ঘুমিয়ে আছে নিঝুম নিরালায়-২
সারা দাও রাসূলাল্লাহ ডাকে এ অধম তোমারে-২
আমি কেঁদে কেঁদে ................ঐ

আজো রওজায় শুয়ে থেকে হায়, কাঁদেন তিনি উম্মতের মায়ায়-২
মোদের অশ্রুভেজা এ সালাম, পাঠিয়ে দিলাম শিয়রে-২
আমি কেঁদে কেঁদে ................ঐ

নূরে উজ্জল চেহারা তোমার, দেখিলে হারাম দোযখের নার-২
তুমি কবে দিবে মুলাকাত, ডেকে নিবে আমারে-২
আমি কেঁদে কেঁদে ................ঐ

পশু পাখি দিওয়ানা তোমার, কারণ তুমি দয়ার আধার-২
শোন ওগো দোস্ত খোদার, দেখা দাও অতি গোপনে-২
আমি কেঁদে কেঁদে ................ঐ

ঐ হাজী ভাই যায় মদীনা, রওজা পাকে সালাম জানায়-২
এ অধ-মেরও আর্জি দেখা দিবে মরণে-২
আমি কেঁদে কেঁদে ................ঐ

সমাপ্ত

না'ত- ৪৫

মরুর বুকে আধার চিরে ফুটলো গোলাপ ফুল,
ও তার নেই যে কোন তুল,
আমার তাহার নাম শুনেছি মুহাম্মাদ রাসূল-২
সাড়া জাহান দিগ্বিদিকে আলোর ধারা ছড়িয়ে দিতে,
আল-কুরানের মদদ নিয়ে, খোদার রহম লুফিয়ে নিতে-২
সদা সে মাশগুল।
আমার তাহার নাম শুনেছি মুহাম্মাদ রাসূল-২
মরুর বুকে আধার চিরে ....................ঐ

ফুলেল হাওয়া দোল দিয়ে যায়, আজো দ্বারে দ্বারে,
মুগ্ধ মনে চায় যে পেতে সুবাস বারে বারে-২
মনে সে বুল বুল।



খুটি বিহীন নীলিম আকাশ, তোমার মহিমা করছে প্রকাশ-২
মেঘরাশি বৃষ্টি ঝড়ায়-২
তোমার অসীম করুণায়।
শুকরিয়া জানাই...........
শুকরিয়া জানাই আল্লাহ, শুকরিয়া জানাই তোমায়,
অসহায় বান্দা মোরা বেঁচে আছি তোমার দয়ায়-২

সমাপ্ত

হাম্‌দ-২১

আল্লাহ ওগো আল্লাহ, ক্ষমা করে দাও, মাফ করে দাও-২

যতদিন এ-ই জীবন বীণা বাজিবে, সুপথে চালাও মাফ করে দাও-২
আল্লাহ ওগো আল্লাহ.......ঐ
তোমাকে না দেখিয়া নবীকে না চিনিয়া, ঈমান এনেছি তবুও-২
এই উসিলায় রহম ও দয়া-- বিলাও।
"ক্ষমা করে দাও, মাফ করে দাও-২
আল্লাহ ওগো আল্লাহ..........ঐ
কাউকে স্বরি না, কাউকে ডরি না,তোমাতে শির দেই তবুও-২
এই উসিলায় বিপদে পার করে নাও।
ক্ষমা করে দাও, মাফ করে দাও-২
আল্লাহ ওগো আল্লাহ..........ঐ
কারো কাছে হারি না কারো অনুসারী না, তব দ্বারে হাত পাতি তবুও-২
এই উসিলায় চির সুখী জান্নাতে দাও।
ক্ষমা করে দাও, মাফ করে দাও-২
আল্লাহ ওগো আল্লাহ..........ঐ
স্বার্থকে ত্যাগিয়া বুকে মোরে আগিয়া, মা-বাবা গেল গোরে চলিয়া-২
এই অসিলায় মা-বাবাকে জান্নাতে নাও।
ক্ষমা করে দাও, মাফ করে দাও-২
আল্লাহ ওগো আল্লাহ.....ঐ
যতদিন এ-ই জীবন বীণা বাজিবে, সুপথে চালাও মাফ করে দাও-২
আল্লাহ ওগো আল্লাহ ........ঐ

সমাপ্ত

হাম্‌দ- ২২
তোমার নামে গান গাহিয়া যায় মাঝি পাল উড়াইয়া,
নদী ঐ ছুটে চলে সাগর মোহনায়,
জানি তুমি দয়ার সাগর, তুমি দয়াময়-২
ঐ
সূর্য্য উঠে তোমার নামে আলোর ধারা নিয়ে,
চন্দ্র হাসে তোমার নামে জ্যোৎস্না ছড়িয়ে-২
ফুল বনেতে ভ্রমরেরা তোমারই গান গায়।
জানি তুমি দয়ার সাগর, তুমি দয়াময়-২
ঐ
ঐ পাপিয়া গাছের ডালে তোমার গুণগানে,
মধুর সুরে কণ্ঠ মিলায় কুহু কুহুতানে-২
পাগল হয়ে দিন রজনী তোমারই গান গায়।
জানি তুমি দয়ার সাগর, তুমি দয়াময়-২
ঐ
তোমার করুণাতে মাঠে সোনার ফসল ফলে,
গাছ গাছালী তরুলতা সাজে ফুলে ফলে-২
দক্ষিণ হাওয়া সুরে সুরে তোমারই গান গায়।
জানি তুমি দয়ার সাগর, তুমি দয়াময়-২
ঐ
সমাপ্ত

হামদ-২৩
গাছে গাছে তোমার নামে পাখির কলরব,
শিশির কণায় তোমার রহম হয় গো অনুভব-২
তুমি আমার মহান মালিক এই পৃথিবীর সব-২
গাছে গাছে তোমার নামে পাখির কলরব,
শিশির কণায় তোমার রহম হয় গো অনুভব-২

পূব আকাশে হাসিন উষা হেসে উঠে সকাল বেলা,
তোমার আলোয় দিপ্ত হয়ে, ভূবন করে আলোর মেলা-২



না'ত- ৪৩
চল কাবার পানে ওহে মুহাজির, পেতে প্রেম সুধা আল্লার নূর নবীজির-২

সেথা লুণ্ঠিত আবরাহা মত্ত কাফির, শুন পয়গাম আল্লার হইল জাহির-২
চল কাবার পানে ওহে মুহাজির, পেতে প্রেম সুধা আল্লার নূর নবীজির-২
যবে ছিন্ন বালু রাশি তক্ত প্রাচীর-২
বহে যমযম সুধা জান্নাতী নির।
চল কাবার পানে ওহে মুহাজির.....................ঐ

শুন ডাকছে খলিল তোমায় হজ্জ কাফেলায়-২
দাও দাও তবে সারা নুর মোহনায়-২
চল কাবার পানে ওহে মুহাজির.....................ঐ

দিকে দিকে শুন ইবলিসী সুর-২
যার মস্তকে কংকর সব তাগুতের-২
চল কাবার পানে ওহে মুহাজির.....................ঐ
বহে টগবগে লু হাওয়া আরব তটে-২
ভেঙে পিঞ্জর ও শৃঙ্খল মরুজাহানের-২
চল কাবার পানে ওহে মুহাজির.....................ঐ

যিনি কান্ডারী মুক্তির উসিলা সবার-২
সেথা হয়েছিল আগমন নূরে মুনাওয়ার-২
চল কাবার পানে ওহে মুহাজির.....................ঐ
ঐ দেখ নূর ঝড়ে তিমির আধার-২
দিবে মাফ করে রহমান মালিক আরাফার-২
চল কাবার পানে ওহে মুহাজির.....................ঐ
সমাপ্ত

না'ত- ৪৪
ডেকে লও রাসূলুল্লাহ্ রওজা পাকের কিনারে,
আমি কেঁদে কেঁদে হইগো সাড়া, ধন্য কর দিদারে।
আমি সহিতে পারিনা বিরহ জ্বালা, ধন্য কর দিদারে।

না'ত- ৪১

আকাশ হতে চাঁদ নেমেছে, মা আমিনার কোলে,
আধাঁর রাতে উঠলো যেন চাঁদের চেরাগ জ্বলে-২

গুলশানে আ---জ বুলবুলিরা গাইছে শিরিন কালাম,
তামাম জাহান নবীর তরে জানায় হাজার সালাম-২
আকাশ হতে চাঁদ নেমেছে, মা আমিনার কোলে,
আঁধার রাতে উঠলো যেন "চাঁদের চেরাগ জ্বলে-২"-২বার

হাসীন উষার দিক রাঙিয়ে, বিরান বাগের ফুলফুটিয়ে,
জীবন খেয়া ঝিলমিলিয়ে "মন ভরিয়ে তুলে-২" - ২বার
আকাশ হতে চাঁদ নেমেছে, মা আমিনার কোলে,
আধাঁর রাতে উঠলো যেন "চাঁদের চেরাগ জ্বলে-২"-২বার
সমাপ্ত

না'ত- ৪২

এই পৃথিবী সৃষ্টি তোমার নামের উসিলায়-২
ও মদীনার কামলীওয়ালা সালাম তোমায়-২
এই পৃথিবী সৃষ্টি তোমার নামের উসিলায়,
ও মদীনার কামলীওয়ালা সালাম তোমায়-২

আকাশ-যমীন পাহাড় চন্দ্র-তারা, সবই তোমার নূরের ইশারা-২
তোমার শানে পড়লে দরূদ হৃদয় জুড়ায়-২
ও মদীনার কামলীওয়ালা ...................ঐ

কি নূর খোদা পাঠিয়ে দিলেন ধরায়, যাহার রৌশনীতে আধার লুকায়-২
তোমার উসিলায় শান্তি নামে অশান্ত ধরায়-২
ও মদীনার কামলীওয়ালা ...................ঐ

তোমার নামের আশেক হলো যারা, দু'জাহানে ধন্য হলো তারা-২
এই আশিকে যেন তোমার কদমে লুটায়-২
ও মদীনার কামলীওয়ালা ...................ঐ
সমাপ্ত



পুষ্পবনে দাও ছড়িয়ে তোমারী সৌরভ-
তুমি আমার মহান মালিক এই পৃথিবীর সব-২
গাছে গাছে তোমার ...........ঐ

সাগর পাহাড় ঝর্না রাজি তোমার প্রেমে আপন ভোলা
পূবাল হাওয়া গুনগুনিয়ে তোমার সুরে দেয় যে দোলা-২
তোমার নামে জীবন মরণ আনন্দ উৎসব-
তুমি আমার মহান মালিক এই পৃথিবীর সব-২
গাছে গাছে তোমার .............ঐ
সমাপ্ত

হাম্‌দ- ২৪

এই আসমান তুমি সৃজিলে, এই যমীন তুমি সৃজিলে-৩
তোমার করুণা দিয়ে প্রভূ, তোমার পৃথিবী তুমি সাজালে,
এই আসমান তুমি সৃজিলে, এই যমীন তুমি সৃজিলে-২
ফলে ফুলে সবুজ বাগান, সবুজের দোলা পাখিদের গান-২
রাতের আধার কেটে পূর্ব দিগন্তে-২
ভোরের রবিটা তুমি উঠালে।
এই আসমান তুমি সৃজিলে, এই যমীন তুমি সৃজিলে-২
তোমার করুণ দিয়ে প্রভূ, তোমার পৃথিবী তুমি সাজালে।
এই আসমান তুমি সৃজিলে, এই যমীন তুমি সৃজিলে-২

তোমার সৃষ্টির হয় নাকো তুলনা, বানিয়েছ তুমি সব না দেখে নমুনা-২
সাগর নদী ঝর্ণা ধারা সৃষ্টি দেখে হই পাগল পাড়া-২
নয়মাভিরাম দৃশ্যে ভরা-ধরা-২
আর কেহ নয় প্রভূ তুমি বানালে।
এই আসমান তুমি সৃজিলে এই যমীন তুমি সৃজিলে-২
তোমার করুণ দিয়ে প্রভূ-তোমার পৃথিবী তুমি সাজালে,
এই আসমান তুমি সৃজিলে এই যমীন তুমি সৃজিলে-২
সমাপ্ত

মায়ের গজল - ২৫

আকাশের তারা গুলো যদি নিভে যায়,  ঝিকিমিকি আর যদি নাই বা করে-২
তবে খুজবো কোথায় মাগো তোমায়, আলোহীন এই আধারে-এ-এ
আমি ভালবাসি শুধু তোমারে- (২বার )

জীবনটা যখন হলো শুরু, তুমি শিখালে মোরে সঠিক দিশা,
কে প্রভূ কে রাসূল জানিনা যখন, তুমিই তো তখন মিটালে তিশা-২
তাই যেওনা হারিয়ে মাগো-ও-ও-ও- আমায় ছেড়ে।
আমি ভালবাসি শুধু তোমারে।
আকাশের তারা গুলো ..........................ঐ

তোমার আদ-র তোমার সোহা-গে হাটিহাটি পা পা হয়েছি বড়,
আমার সুখের তরে পেয়েছো বিষাদ, তবুও আঁচল দিয়ে আগলে ধরো-২
তাই যেওনা হা-রিয়ে মাগো- আমাকে ছেড়ে।
আমি ভালবাসি শুধু তোমারে-২বার
আকাশের তারা গুলো ..........................ঐ

সমাপ্ত

হাম্‌দ- ২৬

আকাশ ও সুন্দর নদী ও সুন্দর, সুন্দর ও বনের ফুল,
তারও চেয়ে সুন্দর আমার "পেয়ারা রাসূল-২"-২বার
নবীর রূপে দুনিয়া জাহান সৃষ্টি হল পেলোরে প্রাণ,
তার রূপেতে ধন্য হলো-২
নিখিল মানব কুল-পেয়ারা রাসূল।
আকাশ ও সুন্দর নদী ও সুন্দর, সুন্দর ও বনের ফুল।

জলপ্রপাতে জলেরও খেলা, সাজ আকাশে তারারও মেলা-২
নবীরও রূপে লজ্জা পেয়ে-২
ভাঙলো তাদের ভূল- পেয়ারা রাসূল।
আকাশও সুন্দর তারও চেয়ে সুন্দর আমার "পেয়ারা রাসূল-২"-২বার
নদীও সুন্দর, সুন্দরও বনের ফুল।
সূর্য্য ভাসে যে আকাশে, পরাণও জুড়ায় সে বাতাসে-২
সবাই নবীর রূপে পাগল-২



তুমি পার করতে মোচন অভাব দুঃখী লোকের,
তুমি পরম মুক্তিদাতা, মালিক এ জগতের-২
তোমার কাছে চাই যে পানাহ, আমরা প্রতিদিন।
তোমার দয়ায় পূর্ণ আমার, সারানিশি দিন,
আল্লাহ তুমি দয়ার সাগর, রাহমানুর রহীম,
তোমার দয়ায় পূর্ণ আমার, সারানিশি দিন-২
সমাপ্ত

না'ত- ৩৯

ىرصبہادرقبىصق

[illegible]
[illegible]
[illegible]
[illegible]
[illegible]

না'ত-৪০

বিদায় বেলায়, বিদায় বেলায় মোরে দিও গো দেখা,
হে প্রিয় রাসূল-২
"তব দিদারে হব ধন্য তখন আমি-২" শূণ্য দেহ যখন লুটাবে ধুলায়,
বিদায় বেলায় ............ ঐ
কত নবী ওলী ছিল ধরার মাঝে, সবাই আপন নীড়ে চলে গেছে
আমিও তো পাবো না ছাড়া, পৌছে যাব জীবনের মোহনায়
বিদায় বেলায় ............ ঐ
ছিল কত আদরের মা-বাবা আমার , কেমন আছেন তারা কবর মাযার
সে খবর আজো অজানা, আমিও তো চলে যাব বেলা অবেলায়,
বিদায় বেলায় ............ ঐ
কত বন্ধু-স্বজন ছিল জমিদারী, অপরূপা বধু যাবে সবাই ছাড়ি-২
মোরে গহীন কবরে ফেলে হায়, সেই মহা মসিবতে ভূলনা আমায়-
বিদায় বেলায় ............ ঐ

সমাপ্ত



বলতে পারো কার এ বিধান।
এক নিয়মের সে এক মহান,  স্রষ্টা তিনি আল্লাহ্ মহান-৩
এক নিয়মে জ্বলছে সুরুজ ...............ঐ
সমাপ্ত

হাম্‌দ- ৩৭

তোমার নামে তোমার গানে পিক পাপিয়া সুর তুলে,
তোমারী প্রেমে নদীরও জলে বাধন হারা ঢেউ দোলে-৩
তোমার নামে তোমার গানে-এ-এ-এ
সূর্যিমামা রাঙায় ভূবন, মিষ্টি রোদের চুম দিয়ে,
জেগে উঠে ভোরের পাখি, সেই সে খোদার নাম নিয়ে-৩
তোমার নামের কলোরবে, যায় হৃদয়ের দ্বার খুলে।
তোমার নামে তোমার গানে পিক পাপিয়া সুর তুলে,
তোমারী প্রেমে নদীরও জলে বাধন হারা ঢেউ দোলে-৩
তোমার নামে তোমার গানে-এ-এ-এ
আকাশ ভরা তাঁরার মেলা, জ্যোৎস্না রাতের হাতছানি,
বয়ে চলে ভেজা বাতাস ছুয়ে যায় এই অধর খানি-৩
তোমার নামের শান্তি নীড়ে, সব বিরহ যাই ভূলে।
তোমার নামে তোমার গানে পিক পাপিয়া সুর তুলে,
তোমারী প্রেমে নদীরও জলে বাধন হারা ঢেউ দোলে-৩
তোমার নামে তোমার গানে-এ-এ-এ
সমাপ্ত

হামদ-৩৮

আল্লাহ তুমি দয়ার সাগর, রাহমানুর রহীম,
তোমার দয়ায় পূর্ণ আমার সারানিশি দিন-২
তুমি মিটাও সকল চাওয়া, দু'দিন আগে-পরে,
তোমার কাছে সকল চাওয়া সবই তোমার তরে-২
তোমার পথে চললে সবাই আসবে যে সু-দিন।
তোমার দয়ায় পূর্ণ আমার সারানিশি দিন,
আল্লাহ তুমি দয়ার সাগর, রাহমানুর রহীম,

তোমার দয়ায় পূর্ণ আমার সারানিশি দিন-২



সবারই প্রাণ ব্যকুল-পেয়ারা রাসূল।
আকাশ ও সুন্দর নদী ও সুন্দর, সুন্দর ও বনের ফুল।
তারও চেয়ে সুন্দর আমার "পেয়ারা রাসূল-৩"
সমাপ্ত

হাম্‌দ- ২৭

আকাশের রংধনু সাত রঙ সাজে, কোকিলে কণ্ঠে কার সুর বাজে-৩
রঙ মেখে দিল কে গোলাপের মাঝে-২
কার, প্রেম বুকে নিয়ে পাখি ফিরে সাজে।
আকাশের রংধনু সাত রঙ সাজে, কোকিলে কণ্ঠে কার সুর বাজে-৩
গানে গানে সুরে সুরে মায়াবী বন্ধনে, কার প্রেমে মিতালী কার জয়গান-২
আল্লাহ মহান, আল্লাহ মহান সে যে আল্লাহ মহান-২
কে দেয় মেঘরাশি, অবশেষে বৃষ্টি নিপুন হাতে গড়া এত রূপ সৃষ্টি-২
লুটে পড়ে কার পায়ে কুল মাখলুক-২
সবার জবানে শুনি কার গুণগান।
আল্লাহ মহান, আল্লাহ মহান সে যে আল্লাহ মহান-২
আকাশের রংধনু সাত রঙ সাজে, কোকিলে কণ্ঠে কার সুর বাজে-২
রঙ মেখে দিল কে গোলাপের মাঝে-২
কার, প্রেম বুকে নিয়ে পাখি ফিরে সাজে।
আকাশের রংধনু সাত রঙ সাজে, কোকিলে কণ্ঠে কার সুর বাজে-২
অবুঝ শিশুর মুখে হাসির ঝুলি, কে দেয় মমতার পরশ বুলি-২
স্নেহের চাদরে মোরা এই ধরনী-২
দিপ্ত কণ্ঠে উঠে কার স্লোগান।
আল্লাহ মহান, আল্লাহ মহান সে যে আল্লাহ মহান-২
আকাশের রংধনু সাত রঙ সাজে, কোকিলে কণ্ঠে কার সুর বাজে-২
রঙ মেখে দিল কে গোলাপের মাঝে-২
কার, প্রেম বুকে নিয়ে পাখি ফিরে সাজে।
আকাশের রংধনু সাত রঙ সাজে, কোকিলে কণ্ঠে কার সুর বাজে-২
কোকিলে কণ্ঠে কার সুর বাজে-৪

সমাপ্ত



হাম্‌দ- ২৮

আল্লাহ তোমার এই ধরার মাঝে, কত জানা অজানা সৃষ্টি আছে,
কেউ নেই তোমারই নাম জপে না-২,
তোমার নামের তাসবীহ জপে না-২

সাগরের লোনা জলের অতল তলে, বৈচিত্র কত প্রাণীরা চলে-২
তারাও তোমার নামে গায় সদা গান-২
কেউ নেই তোমার হুকুম মানে না, তোমার নামের তাসবীহ জপে না।
আল্লাহ তোমার এই ধরার মাঝে কত জানা অজানা সৃষ্টি আছে,
কেউ নেই তোমারই ....................ঐ

চাঁদ তারা সূর্য্য ঐ আকাশে, ছুটে চলে সমীরণ মেঘেরা ভাসে-২
মৃদুরবে তারা সবে ও নাম জপে-২
কেউ নেই তোমার ইশারাতে চলে না-২
আল্লাহ তোমার এই ধরার মাঝে, কত জানা অজানা সৃষ্টি আছে,
কেউ নেই তোমারই ....................ঐ

বৃক্ষ-রাজি ঐ গহীন বনে, কত পশু-পাখি গায় তোমার নামে -২
প্রাণ ভরে সবে গায় তোমার নামে-২
কেউ নেই তোমার কথা শুনে না, তোমার নামের তাসবীহ জপে না।
আল্লাহ তোমার এই ধরার মাঝে কত জানা অজানা সৃষ্টি আছে,
কেউ নেই তোমারই ....................ঐ
ধরণীর মাঝে আছে যত কিছু, ছোট-বড়, মানিহীন ও উচু-নিচু-২
সবাই তোমায় মানে প্রভূ মানে প্রভূ মহিয়ান-২
কেউ নেই তোমারই ....................ঐ
আল্লাহ তোমার এই ধরার মাঝে, কত জানা অজানা সৃষ্টি আছে,
কেউ নেই তোমারী নাম জপে না-২
তোমার নামের তাসবীহ জপে না-২
সমাপ্ত



তোমার নামে পাল উড়িয়ে লক্ষ-কোটি নায়ে,
মাল্লামাঝি ছুটে চলে তোমারী নাম গেয়ে-২
“প্রভু তুমি দাও খুলে দাও-২” তোমার রহম দ্বার।
তোমার নামে গান গাহিলে .......
সমাপ্ত

হাম্‌দ- ৩৫

হৃদয় জুড়ে তোমারী প্রেম দাও প্রভূ আমারে-২
কোন সময় আমি যেন ভূলি না তোমারে-২বার

প্রেম আর ভালোবাসা শুধু তোমার সাথে হয়,
তুমি ছাড়া অন্য কেহ এত আপন নয়-২
তাইতো প্রভু আমি খোঁজেছি তোমারে-ঐ

যখন আমার কেউ ছিলনা তখন ছিলে তুমি,
যখন আমার কেউ রবে না তখনও রবে তুমি-২
চাইনা প্রভু আমি হারাতে তোমাকে-ঐ
সমাপ্ত

হাম্‌দ- ৩৬

এক নিয়মে জ্বলছে সুরুজ এক নিয়মে চলছে ধরা,
দিনের পরে রাত্রি আবার মিটিমিটি করছে তারা,
আ-আ মিটি মিটি করছে তারা-২
এক নিয়মের সে এক মহান, স্রষ্টা তিনি আল্লাহ মহান-৩
এক নিয়মে জ্বলছে সুরুজ ..............ঐ
সূর্য উঠে ঐ পুবে, পশ্চিমেতে যায় ডুবে-২
রাতের মায়ায় চাঁদ হাসে, শিশির ঘাসে দিন ভাসে-২
বলতে পারো কার অবদান ?
এক নিয়মের সে এক মহান, স্রষ্টা তিনি আল্লাহ মহান-৩-
এক নিয়মে জ্বলছে সুরুজ ..............ঐ

একটা সময় নয় দূরে, যায় সকলে অচীনপুরে-২
হবে যখন জন্ম কারো, কার কপালে মৃর্ত্যু আরো-২



কোকিলের সুরে যেন, কার ছবি হৃদয়ে-২
বার বার উঠে গেয়ে, কার বিরহে-
নদীরও তরঙ্গ .................ঐ
শুভ্র প্রভাতেপাপিয়ার গানে গানে, হেসে উঠে সূর্য্য, চেয়ে তার পানে-২
"সাঁঝের বেলায় নীড়ে, ফিরে যায় সুখপাখি-২"
সেই প্রভূর নামে গেয়ে-২
নদীরও তরঙ্গ .................ঐ
এত সুন্দর করে, গড়েছেন যিনি মোরে,যেন না হারাই আমি, তার পথ ছেড়ে-
২
কুসুমের মত হয়ে, যেন ফুটে থাকি আমি-২
তার দয়া বুকে নিয়ে-২
নদীরও তরঙ্গ .................ঐ
ঐ চাঁদ কার প্রেমে, জ্যোৎস্না ঢেলে দেয়, ধরনী রাহে, ধরনী রাহে- ২বার
কোকিলের সুরে যেন, কার ছবি হৃদয়ে-২
বার বার উঠে গেয়ে, কার বিরহে-
নদীরও তরঙ্গ .................ঐ
সমাপ্ত

হাম্‌দ- ৩৪
তোমার নামে গান গাহিলে, কন্ঠে আসে সুর-২
"তোমার নামে আযান শুনে-২" রাত্রি যে হয় ভোর।
তোমার নামে গান গাহিলে .......

তোমার নামে, গাছের ডালে, পাখির কলরব,
তোমার হাতে জীবন মরণ আনন্দ উৎসব-২
"সবার মনে প্রশান্তি দাও-২" দু:খ করে দূর।
তোমার নামে গান গাহিলে .......

প্রভু তুমি চন্দ্র উঠাও ফোটাও হাজার ফুল,
বিচিত্র সব সৃষ্টিরাজি, ভেঙ্গে ভেঙ্গে সব চুর-২

" সিজদাতে তাই লুটিয়ে পড়ি-২" দেখতে তোমার নূর।
তোমার নামে গান গাহিলে .......



হাম্‌দ- ২৯
আল্লাহ তুমি সর্বগুণী চির মহিয়ান,
কুল জাহানের সকলে গায় তোমার গুণগান-২
চাঁদ সুরুজ আর গ্রহ তারা, পাহাড় সারি সারি,
সৃষ্টি তোমার ছড়িয়ে আছে, দৃষ্টি সীমা ছাড়ি-২
তোমার নামে তাসবীহ পড়ে, নীল আকাশের পাখির ঝাক,
ভোর না হতে শুনি তাদের কণ্ঠে মুহুর্মুহু ডাক,
আহার করাও তাদের তুমি মহা গুণীয়ান,
কুল জাহানের সকলে গায় তোমার গুণগান-২
আল্লাহ তুমি সর্বগুনী চির মহিয়ান,
কুল জাহানের সকলে গায় তোমার গুণগান-২

সাগর নদী ঝর্ণাধার গায় যে তোমার গান,
তোমার দয়ায় বিশ্ব ভূবন আজো চলমান-২
তোমার নামে তাসবীহ পড়ে নীল আকাশের পাখির ঝাক,
ভোর না হতে শুনি তাদের কণ্ঠে মুহুর্মুহু ডাক,
আহার করাও তাদের তুমি মহা গুণীয়ান,
কুল জাহানের সকলে গায় তোমার গুণগান-২
আল্লাহ তুমি সর্বগুনী চির মহিয়ান,
কুল জাহানের সকলে গায় তোমার গুণগান-২
সমাপ্ত
হাম্‌দ- ৩০
ডান নেড়ে হাওয়ায় উড়ে প্রজাপতি গায় কার গান,
গহীন আধার গর্তে বসে পিপিলিকা জপে কার নাম-২
সূর্য্য রশ্মি চন্দ্র তারা জ্বলে নিভে গেয়ে কার গান,
শুন মনা শুন, কান পেতে শুন "গায় তারা আল্লাহ মহান-২"-২বার- ঐ
কার ইশারা ছাড়া কভু চাদ সুরুজ উঠে না,
কার ইশারা ছাড়া কভু একটি পাতাও নড়ে না-২
"গাছে বুনে জাল মাকড়শা ঐ-২" নেচে নেচে গায় কার গান।

শুন মনা শুন, কান পেতে শুন "গায় তারা আল্লাহ মহান-২"-২বার
ডান নেড়ে হাওয়ায় উড়ে ..............ঐ



ঐ সাগরের ঢেউয়ে ঢেউয়ে, ঐ না নদীর কলোতান,
ঐ পাহাড়ের ঝর্ণা স্রোতে কলকল রবে কার গান-২
"পৃথিবীটাকে কাপিয়ে তুলে-২" বিজলী গাহে কার গান।
শুন মনা শুন, কান পেতে শুন "গায় তারা আল্লাহ মহান-২"-২বার
ডান নেড়ে হাওয়ায় উড়ে .................ঐ
শুন মনা শুন, কান পেতে শুন "গায় তারা আল্লাহ মহান-২"-২বার
সমাপ্ত

হাম্‌দ- ৩১

ফুলের গন্ধে মন ভরে যায়, পাখি ডাকে কুহু,
"কি আপরূপ সৃষ্টি তোমার, ওগো আমার প্রভূ-২"-২বার
ভো-র হতেই বেড়িয়ে পড়ে, পাখ-পাখালির দল,
কারো কোন মজুদ নাই খাবার ও সম্বল-২
পাখি গুলো ক্ষুধা নিয়ে ডাকে তোমায় প্রভূ-২
পেট ভড়িয়ে দাও পাখিরে ফিরাওনাতো কভূ-২
ফুলের গন্ধে মন ভরে যায় ..............ঐ

আকাশেরই লক্ষ তারা ঝিকি মিকি করে-২
আধার পেলেই রাতের জোনাক ঝলমল করে-২
সৃষ্টি জগত বিধানমত চলছে ওগো প্রভু-২
যেথায় তাকাই নামটি তোমার কেউ ভূলে না কভূ-২
ফুলের গন্ধে মন ভরে যায় ..............ঐ
আকাশ বাতাস প্রভূ তোমার কি অপরূপ দান,
গাছের মাঝেই প্রভূ তোমার অশেষ মেহেরবান-২
লক্ষ-কোটি প্রাণ প্রজাতি তোমায় ডাকে প্রভূ-২
তোমার রহম ছাড়া প্রভূ যায় না বাঁচা কভূ-২
ফুলের গন্ধে মন ভরে যায় ..............ঐ

নানান রঙের বাহার দিলে তুমি ভবে,
আকাশের ঐ রংধনু দেখে প্রভূ সবে-২
তরুলতা তাসবীহ জপে নামটি তোমার প্রভূ-২
সৃষ্টি জগত তোমায় ডাকে ভুলে না তো কভূ-২



ফুলের গন্ধে মন ভরে যায় ..............ঐ
তোমার রহম পেলে মানুষ রিজিক তুলে ধরে,
সৃষ্টির সেরা মানুষ তুমি বানিয়েছে মোরে-২
যতদিন বাঁচবো আমি ডাকবো তোমায় প্রভূ-২
তোমার নামে গাইব গজল,ভুলবো না তো কভূ-২
ফুলের গন্ধে মন ভরে যায় ..............ঐ
সমাপ্ত

হাম্‌দ-৩২

জ্যোৎনা রাতের নিবিড় ছোঁয়ায় তোমার কথাই ভাবি,
তোমারই নামের প্রেম পাথারে শুধুই থাকি ডুবি-২
তুমি যে সীমাহীন দয়া অপরিসীম তোমার দয়ায় সবি-২

নিখিল দিগন্তের প্রান্ত ছুঁয়ে মন ছুটে যায় একা,
দুই নয়নে খোজে ফিরি পাব বলে তোমার দেখা-২
ব্যর্থ হয়ে মনের কা'বায়-২
আকতে শুরু করি তোমার ছবি।
জ্যোৎনা রাতের নিবিড় ছোঁয়ায় তোমার কথাই ভাবি,
তোমারী নামের প্রেম পাথারে শুধুই থাকি ডুবি-২
তুমি যে সীমাহীন দয়া অপরিসীম তোমার দয়ায় সবি -২

দু'চোখ ভরে স্বপ্ন দেখি, মগ্ন থাকি তব প্রেমে,
দিন কেটে যায় আশায় আশায় তোমায় পাবার অন্বেষণে-২
তোমায় পেতে এই মনেতে-২
হাজার কবিতা লেখে কবি।
জ্যোৎনা রাতের নিবিড় ছোঁয়ায় তোমার কথাই ভাবি,
তোমারী নামের প্রেম পাথারে শুধুই থাকি ডুবি-২
তুমি যে সীমাহীন দয়া অপরিসীম তোমার দয়ায় সবি -২
সমাপ্ত

হাম্‌দ- ৩৩

নদীরও তরঙ্গ মাঝে মাঝে থেমে যায়, কার বিরহে, কার বিরহে,
ঐ চাঁদ কার প্রেমে জ্যোৎস্না ঢেলে দেয়, ধরনী রাহে, ধরনী রাহে- ২বার

জাগরনী সঙ্গীত-৬৬
আজ নয় কাল আসবে রে সেই দিন-২
উড়বে পতাকা উড়বে কালিমার,
ঘুচে যাবেই যাবে সকল অন্ধকার-২
আকাশে-বাতাসে বাজবে সুখের বীণ-২
আজ নয় কার আসবেরে সে দিন-২
ঐ
সেই আশাতে থাকতে হবে সাহস নিয়ে বুকে,
থাকতে হবে ধৈর্য্য ধরে আল-কুরানের পথে- ২
যুগ বদলের গানে দেখো হাজার পানে-২
স্লোগানে স্লোগানে আসছে রে নবীন-২
ঐ
দিকে দিকে যায় শোনা যায় বিপ্লবী আযান,
ফিরে পেতে চায় যে তারা হারানো সম্মান-২
রক্তঝড়া পথ, ডাকছে জনমত-২
আল- কোরানের আলোর কাছে সব যে আলোহীন।
ঐ
সমাপ্ত



আমার তাহার নাম শুনেছি মুহাম্মাদ রাসূল-২
মরুর বুকে আধার চিরে ...................ঐ

সারা জাহান দিগ্বিদিকে আলোর ধারা ছড়িয়ে দিতে,
আল-কুরানের মদদ নিয়ে, খোদার রহম লুফিয়ে নিতে-২
সদা সে মাশগুল।
আমার তাহার নাম শুনেছি মুহাম্মাদ রাসূল-২
মরুর বুকে আধার চিরে ....................ঐ
ফুলেল হাওয়া দোল দিয়ে যায়, আজো দ্বারে দ্বারে,
মুগ্ধ মনে চায় যে পেতে সুবাস বারে বারে-২
মনে সে বুল বুল।
আমার তাহার নাম শুনেছি মুহাম্মাদ রাসূল-২
মরুর বুকে আধার চিরে ....................ঐ
সমাপ্ত

না'ত- ৪৬
ও মদীনার বুলবুলি, তোমার নামে ফুলতুলি-৩
যতন করে হৃদয় মাঝে-২
এক একা নিরিবিলি।
ও মদীনার বুলবুলি........................।

সেই ফুলেরী পাপড়ি গুলো ঝড়ে পড়ে না,
মুগ্ধ করা সুবাস তাহার কভু শেষ হয়না -৩
সে সুবাসে ব্যকুল হয়ে-২
গাই তোমারী গিতালী।
ও মদীনার বুলবুলি........................।

মনের কা'বায় তোমার ছবি নিত্যদিনে আকি,
তোমার নামের ছন্দমালা আর কবিতা লিখি-৩
কবি ও কবির সাথে গড়ে সাধের মিতালী।

ও মদীনার বুলবুলি....................... ।

সমাপ্ত



না'ত-৪৭

সালাম সালাম নবী সালাম সালাম, মোবারক কদমেতে অশেষ সালাম-২
তব পাক নাম লেখা আরশের গায়, তব নূর হাসে রবি চাঁদ সিতারায়-২
খোদ খোদা বেজে সদা সালাম তোমায়, সদা হুর মালায়েক তব গান গায়-২
কুল মাখলুক মুখে তব পাক নাম, সালাম সালাম নবী সালাম সালাম-২
সালাম সালাম নবী সালাম সালাম.................ঐ

তাওরাত ইঞ্জিল যবূরে আজীম, ঘোষে তব যশ:গান তোমার তাজীম-২
ঈসা মুসা শীষ নূহ সব নবী কুল, তোমার তা'রীফ করে পিয়ারা রাসূল-২
নিখিল ভূবনে তব আশিক তামাম, সালাম সালাম নবী সালাম সালাম।
সালাম সালাম নবী সালাম সালাম.................ঐ

পিলায়েছো তুমি সবে, তাওহীদ জ্যাম, করিয়াছ তুমি জারী আল্লার নাম-২
নাশিয়াছ তুমি যত বাতিল আধার, জ্বালিয়াছ তুমি বাতি নতুন আশার-২
শুনায়াছ তুমি পাক খোদাই কালাম, সালাম সালাম নবী সালাম সালাম।
সালাম সালাম নবী সালাম সালাম.................ঐ

গোলামীর জিঞ্জির করে খান খান, শান্তির মুক্তির দিছ সন্ধান-২
এতিমের অনাথের দু:স্থ জনের, সূজন সুহৃদ তুমি গণমানুষের-২
নাশিয়া বিভেদ এক করিয়া তামাম, সালাম সালাম নবী সালাম সালাম।
সালাম সালাম নবী সালাম সালাম.................ঐ

রোজ মহশারে তুমি শাফী সবাকার, মীযানে সীরাতে তুমি ভরসা সবার-২
তোমার করুণা ছাড়া দোযখের নার, মাফ পেতে ওগো প্রিয় কিছু নাই আর-২
চাই তব পাক হাতে কাউছার জ্যাম, সালাম সালাম নবী সালাম সালাম-২
সালাম সালাম নবী সালাম সালাম.................ঐ

সমাপ্ত

না'ত- ৪৮

শিশু রাসূল মেষ চড়াতেন মরুবনে গিয়ে,
সঙ্গে অনেক থাকতো যে পাড়ার ছেলে-মেয়ে-২
বালি নিয়ে কচি হাতে সবাই যখন খেলায় মাতে-২



রহমতে দেয় ভরে দেয় মাগফিরাতের দ্বার খোলা,
পাপি যত হও গো নত আছ যত পথ ভোলা-২
আসলে ফিরে নাজাত পাবে, আল্লাহ তা'লার শুনলে ডাক-২
ঐ

বছর বছর এই যে সুযোগ, আসে যে বারে বারে,
গুনাহ রাশি মাফ করাতে ডাক দিয়ে যায় তোর দ্বারে-২
এ সুযোগ আর পাবি নারে, জীবনটাকে করতে পাক-২
ঐ

সমাপ্ত

ইসলামী সংগীত- ৬৫

তোমরা থাকে খুব আরামে, যে দালানের পাঁচ তলায়,
ওরা থাকে রোগ ব্যরামে..........
সেই শহরের গাছ তলায়, সেই শহরের গাছ তলায়-২

যে ডাস্টবিন পেরিয়ে যেতে, চেপে ধরো নাক গুলো,
সেই খানেতে খাবার খোঁজে...........
ঐ মানুষ আর কাক গুলো-২
ক্ষুধার জ্বালায় প্রাণ বাচে না .............
নষ্ট পঁচা খাবার খায়-২
ঐ

ওদের পানে একটু খানি, বাড়াও দয়ার হাত গুলো,
গাছ তলাতে একটু সুখে..........
কাটুক ওদের রাত গুলো-২
ওদের পানে না তাকালে................
কেমনে ওরা বাঁচবে হায়-২

তোমরা থাক খুব আরামে, যে দালানের পাঁচ তলায়,
ওরা থাকে রোগ ব্যরামে..........
সেই শহরের গাছ তলায়, সেই শহরের গাছ তলায়-২

সমাপ্ত



ইসলামী সংগীত- ৬৩
সমাধান চাও যদি জীবনে মরণে,
ফিরে যাও খুঁজে নাও চোখ রাখ কুরানে-৩
তবেই পাবে সুখ-শান্তির ঠিকানা,
যদি মেনে নাও তুমি মনে প্রাণে- সমাধান।
ঐ
এতো চির অম্লান চির মুক্তির ডাক,
এ যে বাণী খোদারী কালামে পাক-২
এই দুনিয়ায় আর সেই দুনিয়া -২
মুক্তি পাবে তুমি দু'জাহানে......-সমাধান।
ঐ
এ বাণী সকলের নয় শুধু মুমিনের,
যারা চলবে মেনে ফল পাবে কুরানের-২
ঘরে বলো কিংবা রাষ্ট্রে বলো-২
অশান্তি দূর করে শান্তি আনে........- সমাধান।
ঐ
যাহার পরশ পেয়ে পাথর হলো সোনা,
সন্দেহ ভূল নেই যার একটি কণা-২
এ যে আমি কি পেলাম, পিছে ফেলে যতসব-২
এগিয়ে চলে সে অগ্রপানে....সমাধান।
ঐ
সমাপ্ত

ইসলামী সংগীত- ৬৪
সৃষ্টি যত সবার মাঝে সুখের হাওয়া বয়ে যাক,
শোন মানুষ ডাকছে তোমায় রমযানুল মোবারাক-২

সেহেরীতে জাগার মাঝে মুমিন যে পায় কি শান্তি,
তারাবিতে দূর করে দেয় সকল বিভেদ ভ্রান্তি-২
ইফতারীতে সুখ অনাবিল তাহার মাঝে নেই যে ফাক-২

ঐ



কোন ভাবনায় হৃদয়টা তাঁর, থাকতো বিভোর হয়ে-২
শিশু রাসূল মেষ চড়াতেন ............ঐ
অবাক হয়ে চাইতো সবাই সেই ছেলেটির পানে,
এমন ছেলে কোথা হতে আসলো এ ভূবনে-২
কেউ বলে কি শান্ত যে হায়......
কেউ বলে তাঁর তুলনা নায়......
এমন ছেলে কখনো কেউ দেখেনি কোথায় যে-২
শিশু রাসূল মেষ চড়াতেন ............ঐ
বালি নিয়ে কচি হাতে সবাই যখন খেলায় মাতে-২
কোন ভাবনায় হৃদয়টা তাঁর থাকতো বিভোর হয়ে-২
শিশু রাসূল মেষ চড়াতেন ............ঐ
সমাপ্ত

ইসলামী সঙ্গীত-৪৯
আল-কুরানের ডাক এসেছে, চলে আয় সকলে মিলে,
আয়রে নবীন, আয়রে প্রবীণ, ছুটে এই পতাকা তলে-২
কুরান মোদের আলোর পাথেয়, কুরআন মোদের আশা,
কুরান মোদের সূখের জীবন, কুরআন ভালবাসা,
মেনে নিলে তা, খুশি রাসুল ও খোদা, শান্তি আছে সর্বদিকে-২
আল-কুরানের ডাক এসেছে................................ ।

রাসূল মোদের সীপাহসালার, রাসূল মোদের চীফ কমান্ডার
জুলুম-নির্যাতন যত অত্যাচার, দূর করে দিব মোরা সব অন্ধকার-২
এই ওয়াদা নিয়ে আজ ময়দানেতে, লড়বো আমরণ দ্বীনের পথে-২
আল-কুরানের ডাক এসেছে.......................... ।

ডাকবো মোরা খোদার পথে, কালিমার জান্ডা উড়াবো জগতে,
কুরান-হাদীসের বাণী মোরা, ছড়িয়ে দিব এই ভূবণে-২
এই আশা নিয়ে মোরা মনে মনে, মুক্তির পথে ডাকি গানে গানে।
আল-কুরানের ডাক এসেছে............................ ।
সমাপ্ত

ইসলামী সঙ্গীত-৫০
মিছে এই জীবনের রংধনুটা, মুছে যাবে একদিন জেনে নাও,
থাকতে সময় খোদার রাহে, নিজের জীবনটা সপে দাও-২

এ ধরার মিছে মায়া বন্ধন, ভালবাসা মিছে এই ক্রন্দন,
ভেঙ্গে যাবে একদিন এই ঘর, থাকবেনা চিরদিন এ বাসর-২
জীবনের এই পরিনতি সর্বদা সবখানে মেনে নাও -২
মিছে এই জীবনের রংধনুটা ......................... ।

যে জীবনে এসেছে প্রভাত, সন্ধ্যার সাথে হবে মুলাকাত,
এ জীবনে আসবে সমাপ্তি, বন্ধ হবে যত প্রাপ্তি-২
জীবনের মোহে পড়ে সকল বিবাদ, হিংসা বিভেদ সব ভূলে যাও -২
মিছে এই জীবনের রংধনুটা ......................... ।

কত আর করবে গাড়ী বাড়ী, পড়ে রবে যতসব গহনা শাড়ী,
মুছে যাবে এ সকল অহমিকা, যেতে হবে শুধুই একা একা-২
সবভূলে রুজু হও খোদার পথে,
মুক্তির দিশা যদি পেতে চাও-২
মিছে এই জীবনের রংধনুটা, মুছে যাবে একদিন জেনে নাও,
থাকতে সময় খোদার রাহে, নিজের জীবনটা সপে দাও-২
সমাপ্ত

ইসলামী সঙ্গীত-৫১
যেতে হবে খালি হাতে, সঙ্গে কিছু যা-বেনা,
সারে তিনহাত জায়গা পাবি, পা-বি নারে বিছানা-২

আজকে তুমি যাদের লাগি, শুধুই পাগল পারা,
যেতে হবে একা একা, কেউ যাবেনা তারা-২
ছাড়তে হবে মায়ারী বন্ধন-২
সাধের এই বালাখানা।
সারে তিন হাত জায়গা পারি পা-বি নারে বিছানা-২
যেতে হবে খালি হাতে.............................. ।



স্রষ্টা দিয়েছে মোদের ঐশিবাণী, মাথা পেতে নিলে হব সফলকামী-২
" তবুও কি তোমার মন:পুত: হয় না-২ " জান্নাত পেয়ে হব ধন্য।
কুরান শাসনের জন্য..................................

কুরান দিয়েছে নারীর অধিকার, পিতা ও স্বামীর কাছে হক আছে তার-২
"এ ছাড়া ভাই ও ছেলের কাছে পায়-২" আর কত লাগে বলো অন্ন।
কুরান শাসনের জন্য....................................
মুসলিম জাতি হলো জগতের বীর, ভয় করেনা কোন কাফেরের তীর-২
"ভয় করেনা কোন বুলেট বোমা-২" যদিও তার প্রাণ হয় শূণ্য।
কুরান শাসনের জন্য..................................
"এই কুরান নিয়ে যদি কর তামাশা-২" কুফুরীর মাঝে হবে গণ্য।
কুরান শাসনের জন্য.......................................
সমাপ্ত

ইসলামী সংগীত- ৬২
ভাল কাজের ভালো ফল, মন্দ কাজের মন্দ,
ভালকাজের মধ্যে আছে মনের মত ছন্দ-৩

বাতাস ভাল কাজ করে তাই আমরাও নি:শ্বাস নেই,
বিনিময়ে নি:শ্বাসের বিষ আমরাও ঢেলে দেই-৩
"কিন্তু বাতাস করে নাতো-২" কোন রকম দ্বন্দ্ব।
ভাল কাজের ভাল ফল.............. ।

নিজের কষ্ট সয়ে যারা অন্যের কষ্ট তাড়ায়,
তাড়াই বন্ধু এই সমাজের সৌন্দর্যটা বাড়ায়-২
তুমি যদি না ভাল হও তবে তোমার সঙ্গী,
মিলে তোমরা দু'জন হবে খারাপ পথের জঙ্গি-৩
"এমনি ভাবে একে একে -২" আলোর পথি বন্ধ।
ভাল কাজের ভালো ফল, মন্দ কাজের মন্দ,
ভাল কাজের মধ্যে আছে মনের মত ছন্দ-৩
সমাপ্ত

ইসলামী সংগীত- ৬০

ইট পাথরের বদ্ধ এই নগরে, কাটছে জীবন ধুসরতার ভীরে-২
আকাশ ছোঁয়া দালান বাড়ি, পিচঢালা পথে রিক্সা গাড়ী,
জীবন যাচ্ছে যান্ত্রিকতায় ভরে- ২বার

দুঃখ জয়ের নেশায় বিভোর এই নাগরিক প্রাণ........
তবু মাঝে মাঝে ব্যাকুল হয়ে খুঁজি মাটির ঘ্রাণ,
ঘাস পাতারী নরম ডগার স্বাদ নিয়েছি কবে,
সেই সোনা রোদে নদীর জলে আর কি নাওয়া হবে ?
ভালোই আছি এই নগরে তবু পরাণ পোড়ে,
ইট পাথরের বদ্ধ এই নগরে.........
ইট পাথরের বদ্ধ এই নগরে, কাটছে জীবন ধুসরতার ভীরে-২

সারা দিনের ব্যস্ত সময় খানিক যখন দেয় অবসর,
চোখটি বুজে হারাই আপন প্রাণের আঙিনায়,
আমার শ্যমল গায়, হারাই আমার প্রাণের গায়-২
কেমন আছে শান বাধানো বাড়ীর পুকুর-ঘাট,
কেমন আছে রোদে পোড়া হেমন্তেরই মাঠ-২
এখনো কি শিশির ভোরে কোকিল করে গান,
মেঘলা দুপুর এখনো কি উদাস করে প্রাণ,
নীড় হারা প্রাণ ফিরবে করে নাড়ী পোতা নীড়ে।
ইট পাথরের বদ্ধ এই নগরে.........

ইট পাথরের বদ্ধ এই নগরে, কাটছে জীবন ধুসরতার ভীরে-২
আকাশ ছোঁয়া দালান বাড়ি, পিচঢালা পথে রিক্সা গাড়ী,
জীবন যাচ্ছে যান্ত্রিকতায় ভরে- ২বার
সমাপ্ত

ইসলামী সংগীত- ৬১

কুরান শাসনের জন্য তার বিধান মেনে হও ধন্য-২
“এই কুরান নিয়ে যদি কর তামাশা-২” কুফুরীর মাঝে হবে গণ্য।
কুরান শাসনের জন্য.......................................



তিন দিনেরী বাহাদুরী, শুধুই বালুর বাঁধ,
ফুড়িয়ে গেলে বাতাসটুকু মিটবেরে তোর সাঁধ - ২
ক্ষমতারী দাপট দিয়ে - ২
টিকে থাকা যাবে না।
সারে তিন হাত জায়গা পারি পা-বি নারে বিছানা-২
যেতে হবে খালি হাতে.............................. ।
সমাপ্ত

ইসলামী সঙ্গীত-৫২

আমরা নবীন আমরা তরুন আমরা নৌ-জোয়ান
উড়াবো এই ধরার বুকে তৌহিদী নিশান-২
আমরা কাশিম আমরা ওমর আমরা যে খালিদ,
আঘাত হেনে ভাংবো মোরা এই সমাজের নিদ-২
লড়বো মোরা খোদার পথে লড়বো আমরণ।
ইসলামী শাসনতন্ত্র ছাত্র আন্দোলন।
আমরা নবীন আমরা তরুন .......................... ।

মজলুমেরই আর্তনাদে ভাড়ি যে আকাশ,
কাঁদছে ওরা অকাতরে করছে হা-হুতাশ-২
চিরতরে জালিমশাহীর আনবো যে পতন,
ইসলামী শাসনতন্ত্র ছাত্র আন্দোলন।
আমরা নবীন আমরা তরুন .......................... ।

আল্লাহ হলেন মোদের সাথী নেই যে কোন ভয়,
তারই মদদ পুঁজি করে আনবো যে বিজয়-২
তারুণ্যেরী দিপ্ত শিখায় দূরন্ত মিশন,
ইসলামী শাসনতন্ত্র ছাত্র আন্দোলন।
আমরা নবীন আমরা তরুন .......................... ।

আয়রে দামাল আয়রে কিশোর আয়রে ছুটে আয়,
বজ্র মুখে নিশান হাতে বিপ্লবী গান গায়-২
শপথ নিব খোদার পথে বিলাতে জীবন,

ইসলামী শাসনতন্ত্র ছাত্র আন্দোলন।
আমরা নবীন আমরা তরুন .......................... ।
সমাপ্ত

ইসলামী সঙ্গীত - ৫৩
এ দেশে আল্লাহু আকবারের সুরে সূর্য্য উঠে,
এ দেশে আল্লাহু আকবারের সুরে সূর্য্য ডুবে-২
এ দেশের মাল্লা-মাঝি, কিষাণ-মজুর সবার ঠোঁটে,
শুনরে লা- ইলাহা ইল্লাল্লার জিকির উঠে -২
ঈমানের তপ্ত আগুন জ্বলছে সবার বুকে বুকে-২
সে আগুন দেশ হতে দেশ দেশান্তরেও জ্বালতে হবে।
এ দেশে আল্লাহু আকবারের .............. ।

এ দেশের পথে-ঘাটে, এ দেশের বাজার-হাটে,
এ দেশের- এ দেশের-২
এ দেশের গঞ্জে-গ্রামে খোদার নামে তাসবীহ হাতে,
কত পীর আউলিয়াদের অশ্রু ঝড়ে গভীর রাতে-২
যে দেশের সন্তানেরা মক্তবে যায় কুরান বুকে-২
সে দেশে আল-কুরানের শাসন কায়েম করতে হবে।
এ দেশে আল্লাহু আকবারের .............. ।

এ দেশের আকাশ জুড়ে, আযাদীর নিশান উড়ে-২
এ দেশের- এ দেশের- ২
এ দেশের মিনার হতে মুয়াজ্জিনের আযান শোনে,
কোটি প্রাণ ধুলায় পড়ে সিজদা করে খোদার সনে-২
যে দেশের জমীন ভরা শহীদ-গাজীর গোরস্থানে-২
সে জমীন চাই চিরদিন মুক্ত স্বাধীন আযাদ রবে।
এ দেশে আল্লাহু আকবারের .............. ।

এ দেশের জলে-স্থলে, এ দেশের ফুল-ফসলে,
এ দেশের- এ দেশের- এ দেশের- এ দেশের-
এ দেশের সবুজ মাটি, সবুজ ঘাসে, সবুজ বনে,



ইসলাম ছাড়া অন্য সবই জাহান্নামের ঠিকানা-ঐ

এর পিছে ঘুরে যারা ইবলিসের চেলা তারা-২
সময় মত খাইবে ধরা চামচামি আর চলবে না,
ইসলাম ছাড়া অন্য সবই জাহান্নামের ঠিকানা-ঐ
ওদেরী ধোকার পিছে ঘুরিছনা শুধুই মিছে-২
সময় মত না বুঝিলে দেশের কিছুই থাকবে না,
ইসলাম ছাড়া অন্য সবই জাহান্নামের ঠিকানা-ঐ
আঘান হেনে গুড়িয়ে দে না জালিমের জিন্দান খানা-২
রক্ত চোষার দলে আজি সেজেছে মানষকন্যা,
ইসলাম ছাড়া অন্য সবই জাহান্নামের ঠিকানা- ঐ

ছুটে আয় দেশবাসীরা শান্তি পিয়াসী যারা-২
দ্বীনের পথে জীবন দিলে বৃথা কিছুই যাবে না,
ইসলাম ছাড়া অন্য সবি জাহান্নামের ঠিকানা-ঐ
সমাপ্ত

ইসলামী সঙ্গীত - ৫৯
আল-কুরানের পথ এই পথই আসল পথ-২
অন্য পথে অন্য মতে নেই যে রহমত-২

আল-কুরানের আলোয় যার জীবন আলোকিত,
সে চির বিপ্লবী, নয় কখনো ভীত-২
তার হৃদয়ে শুধু খোদার "অথৈই মুহাব্বত-২"
আল-কুরানের পথ, এই পথই আসল পথ-২
অন্য পথে অন্য মতে নেই যে রহমত-২

আল-কুরানের প্রেমে যে বারেক পুরে যায়,
দ্বীন কায়েমের তরে সে শহীদ হতে চায়-২
সে জিহাদের রাহে গড়ে "নিজের ভবিষ্যৎ-২"
আল-কুরানের পথ এই পথই আসল পথ-২
অন্য পথে অন্য মতে নেই যে রহমত-২
সমাপ্ত

'তবে সিংহের চেয়ে বেশী ভয় পায়-২' মাথায় পাগড়ী দেখে যদি-বিদ্রোহী
বিদ্রোহী বিপ্লবী মৌলবাদী কেন জঙ্গিবাদী-২
সত্যের পক্ষে গান গাই.............. ।
সমাপ্ত

ইসলামী সঙ্গীত-৫৭
দাও খোদা দাও আমায় আবার ওমর দারাজ দীল-২
দাও আলীর মত বীর সেনানী, আলীর মত বীর সেনানী,
জাগাতে নিখিল- ( ২ বার )

হামযাকে দাও ঘরে ঘরে, জীবন দিতে অকাতরে-২
" আমার কা'বা ভাঙতে এলে-২ " পাঠাও আবাবিল।
দাও খোদা দাও আমায় .............. ।

সাচ্চা ঈমান দিয়ে পাঠাও, শ-ত সাহাবা,
তাদের দেখে বিশ্ব আবার, ব-লুক মারহাবা-২
আবার পাঠাও আবু বকর, ফেৎনা ফাসা-দ আসুক সমর-২
"অনঢ় অটল পাহাড় সম-২" দাও সে মনের মিল।
দাও খোদা দাও আমায় আবার ওমর দারাজ দীল-২

দাও আলীর মত বীর সেনানী, আলীর মত বীর সেনানী,
জাগাতে নিখিল।
দাও খোদা দাও আমায় আবার ওমর দারাজ দীল-২
সমাপ্ত

ইসলামী সঙ্গীত- ৫৮
ইসলাম হলো চিরদিনের শান্তি সুখের নিশানা,
ইসলাম ছাড়া অন্য সবি জাহান্নামের ঠিকানা-২
শান্তির আশায় দেশের মানুষ দৌড়াইতেছে হইয়া বেহুশ-২
মরিচিকার পিছে করে জীবন মরণ সাধনা,
ইসলাম ছাড়া অন্য সবি জাহান্নামের ঠিকানা- ঐ

কেউবা করে গণতন্ত্র কেউবা আবার সমাজতন্ত্র-২
নারীরও আঁচল তলে কেউবা গড়ে আস্তানা



মদিনার সবুজ মিনার ঝলসে উঠে দু'নয়নে-২
এ দেশের শিকড় তো দিল্লীতে বা ওয়াসিংটনে-২
এ দেশের শিকড় জানি ছড়িয়ে আছে দূর আরবে।
এ দেশে আল্লাহু আকবারের .............. ।
সমাপ্ত

ইসলামী সঙ্গীত-৫৪
আর নয় হতাশা আর নয় ভয়, আগামীতে আমাদের হবে বিজয়-২
কালিমার পতাকা উড়াবো মোরা-২
দূর হয়ে যাবে সব বাধা নিশ্চয়।
আর নয় হতাশা আর নয় ভয়, আগামীতে আমাদের হবে বিজয়-২

ফুটপাতে কতজন না খেয়ে আছে, অনাহারে মৃর্ত্যুর দিন গুনছে-২
ওদের মুখে হাসি ফুটাতে-২
আমাদের বিজয় হবে নিশ্চয়।
আর নয় হতাশা আর নয় ভয়, আগামীতে আমাদের হবে বিজয়-২

সত্যের পথে ডাকার অপরাধে, কত তাজা প্রাণ আজ যাচ্ছে নিভে-২
ওদেরই রক্তের দায় মিটাতে-২
আমাদের বিজয় হবে নিশ্চয়।
আর নয় হতাশা আর নয় ভয়, আগামীতে আমাদের হবে বিজয়-২

শান্তির আবাসস্থল নিরাপদ নয়, ঘরে বাহিরে-এ গুম খুন হয়-২
নিরাপত্তার রাজ করতে কায়েম-২
আমাদের বিজয় হবে নিশ্চয়।
আর নয় হতাশা আর নয় ভয়, আগামীতে আমাদের হবে বিজয়-২
কালিমার পতাকা উড়াবো মোরা-২
দূর হয়ে যাবে সব বাধা নিশ্চয়।
আর নয় হতাশা আর নয় ভয়, আগামীতে আমাদের হবে বিজয়-২
সমাপ্ত

ইসলামী সঙ্গীত-৫৫

"আশায় আশায় জনম গেল খোদা-২" না চাইলা ফিরিয়া-আ-আ-আ-আ ,
আর কত কাল থাকবো মাবূদ তোমার দিদার পানে চাইয়া-২
আশায় আশায় জনম গেল খোদা............. ।
আর কত কাল থাকবো মাবূদ তোমার দিদার পানে চাইয়া-২

"তোমার সনে কইব কথা-২" কবরে শুইয়া -আ- আ-আ-আ,
আর কত কাল থাকবো মাবূদ তোমার দিদার পানে চাইয়া - ২
আশায় আশায় জনম গেল খোদা............. ।

"তুমি মুসার সনে কইলা কথা-২" তুর পাহাড়ে নিয়া-আ-আ-আ-আ
আর কত কাল থাকবো মাবূদ তোমার দিদার পানে চাইয়া-২
আশায় আশায় জনম গেল খোদা............. ।

" তুমি ইব্রাহিমের সনে কইলা কথা-২" আগুনে ফেলিয়া-আ-আ-আ-আ
আর কত কাল থাকবো মাবূদ তোমার দিদার পানে চাইয়া-২
আশায় আশায় জনম গেল খোদা............. ।

"তুমি ঈসার সাথে কইলা কথা-২" নিজের কাছে নিয়া-আ-আ-আ-আ
আর কত কাল থাকবো মাবূদ তোমার দিদার পানে চাইয়া-২
আশায় আশায় জনম গেল খোদা............. ।

" তুমি নূহুর সাথে কইলা কথা-২" তুফানে ভাসাইয়া-আ-আ-আ-আ
আর কত কাল থাকবো মাবূদ তোমার দিদার পানে চাইয়া-২
আশায় আশায় জনম গেল খোদা............. ।

সমাপ্ত

ইসলামী সঙ্গীত- ৫৬

সত্যের পক্ষে গান গাই বলে আমি বিদ্রোহী,
সত্যের পক্ষে ডাকি বলে আমি বিপ্লবী-২
কোরানের কথা বলি তাই বলে আমাকে মৌলবাদী-২
জিহাদের কথা বলি তাই বলে আমাকে জঙ্গিবাদী- আমি বিদ্রোহী।



বিদ্রোহী বিপ্লবী মৌলবাদী কেন জঙ্গিবাদী -(২ বার )

জন্মের পরে কানে আযান কি দেয়নি, তুমি মৌলবাদী ছাড়া হওনি-২
'তবে মরণের পরে জানাযা পড়াবে-২' তখন কোথায় পালিয়ে যাবি- বিদ্রোহী
বিদ্রোহী বিপ্লবী মৌলবাদী কেন জঙ্গিবাদী-২
সত্যের পক্ষে গান গাই.............. ।

কোরান হাদীস কেন মান না, শরীয়তের ধার ধার না-২
"তবে দ্বীন ইসলামের কথা যদি বলি-২"তখন হই আমি অপরাধী-বিদ্রোহী।
বিদ্রোহী বিপ্লবী মৌলবাদী কেন জঙ্গিবাদী-২
সত্যের পক্ষে গান গাই.............. ।

হালাল হারাম কেন চিন না, সত্যের পথে কেন চলো না-২
'তবে দাড়ি-টুপি দেখলেই ওদের-২' মাথায় আগুন ধরে বুঝি-বিদ্রোহী
বিদ্রোহী বিপ্লবী মৌলবাদী কেন জঙ্গিবাদী-২
সত্যের পক্ষে গান গাই.............. ।

জানি শান্তির ধর্ম ইসলাম, যুগে যুগে মোরা শুনলাম-২
'তবে ন্যায় বিচারের কথা যদি বলি-২' তখন আ-মি প্রতিবাদী-বিদ্রোহী।
বিদ্রোহী বিপ্লবী মৌলবাদী কেন জঙ্গিবাদী-২
সত্যের পক্ষে গান গাই.............. ।

বেহায়া নারীর এই কেমন কথা, ইসলাম মানি ওদের মাথা ব্যাথা-২
'তবে পর্দার কথা যদি বলি-২' তখন বলে ফতোয়াবাজি-বিদ্রোহী
বিদ্রোহী বিপ্লবী মৌলবাদী কেন জঙ্গিবাদী-২
সত্যের পক্ষে গান গাই.............. ।

রাজপথে করলে আন্দোলন, চালায় আমাদের নিপিড়ন-২
'তবে কুরআনী শাসনের কথা যদি বলি-২' তখন বলে উগ্রবাদী-বিদ্রোহী।
বিদ্রোহী বিপ্লবী মৌলবাদী কেন জঙ্গিবাদী-২
সত্যের পক্ষে গান গাই.............. ।

কি মনে করে ঐ হনুমান, দাড়ি-টুপি দেখলেই তালিবান-২